

কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-৫

(০১ ফেব্রুয়ারি ২০২৫ হতে ১৫ ফেব্রুয়ারি ২০২৫)

১। ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২৫ এ বাংলাদেশ জেল এর কারা পণ্য প্যাভিলিয়ন শ্রেষ্ঠ সাধারণ প্যাভিলিয়ন ১ম পুরস্কার অর্জন করায় কারা মহাপরিদর্শক মহোদয় মেলায় অংশগ্রহণকারী সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানিয়েছেন। আগামী বছরেও এ সাফল্যের ধারা বজায় রাখতে বছরের শুরু থেকেই সকল কারাগারকে উৎপাদন বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করেছেন।



২। মাননীয় হাইকোর্ট বিভাগ হতে ২০১৭ সালে মামলা থেকে অব্যাহতিপ্রাপ্ত একজন বন্দির বিজ্ঞ আদালতের সাথে যোগাযোগ করে অক্লান্ত প্রচেষ্টায় বন্দি মুক্তির নিশ্চিত করেন। এ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা গ্রহণ করায় কারা মহাপরিদর্শক কর্তৃক সিনিয়র জেল সুপার জনাব নুরশেদ আহমেদ ভূঁইয়াকে Letter of Appreciation প্রদান করা হয়েছে। এ প্রশংসার মাধ্যমে কর্মঠ ও মেধাবী কর্মকর্তা-কর্মচারীরা আরোও অনুপ্রাণিত হবেন মর্মে ধারণা করা হয়।



৩। ১৫/০২/২০২৫ তারিখ সকাল ১০:২০ ঘটিকায় ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরাণীগঞ্জে অবস্থিত প্রিজন্স আইডিয়াল স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র কারাগারের সিনিয়র জেল সুপার, জেলার ও ডেপুটি জেলার এবং অন্যান্য কারা কর্মকর্তা-কর্মচারী ও পরিবার বৃন্দ। কোমলমতি ছাত্রছাত্রীরা উর্ধ্বতন কর্মকর্তাদের নিকট হতে পুরস্কার নিতে পেরে খুবই আনন্দিত হয়েছে। এছাড়াও ০১/০২/২০২৫ তারিখে প্রিজন্স পাবলিক স্কুল কাশিমপুর, গাজীপুর এ বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।



প্রকাশনায়: প্রিজন্স ইন্সটিটিউট ইউনিট।

৪। বাংলাদেশ জেল এ কর্মরত প্রধান সহকারী ০৭ জন ও ড্রাম্যান নিরীক্ষক ০১ জন সর্বমোট ০৮জনকে প্রশাসনিক কর্মকর্তা পদে এবং ০৪ জন অফিস সহকারীকে উচ্চমান সহকারী পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। প্রশাসনিক কর্মকর্তা ও উচ্চমান সহকারী পদে পদোন্নতিপ্রাপ্ত সকলকে কারা মহাপরিদর্শক মহোদয় আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। পরবর্তীতেও বাংলাদেশ জেল এ পদোন্নতি যোগ্য সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির এই ধারা অব্যাহত থাকবে।

৫। নারায়ণগঞ্জ জেলা কারাগার কর্তৃক কারা বন্দিদের সুস্থ বিনোদনের অংশ হিসেবে 'নারায়ণগঞ্জ জেল প্রিমিয়ার লিগ' টি-১০ ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়। উক্ত 'নারায়ণগঞ্জ জেল প্রিমিয়ার লিগ' টি-১০ এ শুভ উদ্বোধন করেন বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা। কর্মচারী ও বন্দিদের বিনোদনের পাশাপাশি মানসিক প্রশান্তি, শৃঙ্খলা এবং সংশোধনমূলক কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে এ ধরণের আয়োজন করা হয়।



৬। শৃঙ্খলা ভঙ্গের কারণে বান্দরবান জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং ৪২৪২৩ মোঃ রিয়াজুল ইসলামকে সাময়িক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করা হয়। সকল পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীদের সুশৃঙ্খল থাকার এবং উর্ধ্বতনের বৈধ আদেশ মেনে চলার নির্দেশ প্রদান করা হলো।

৭। রংপুর কেন্দ্রীয় কারাগারে কর্মরত একজন কারারক্ষী ও দিনাজপুর জেলা কারাগারে কর্মরত একজন কারারক্ষীকে নিয়োগ পত্রের শর্ত অনুযায়ী চাকরি কালীন ০২(দুই) বছর পূর্ণ না হওয়ায় এবং আচরণ অসন্তোষজনক ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন সন্তোষজনক না হওয়ায় কারাবিধি মোতাবেক চাকুরী হতে অব্যাহতি দেওয়া হয়েছে।

৮। রাজশাহী কেন্দ্রীয় কারাগারে কর্মরত সহকারী প্রধান কারারক্ষী নং ৩১৭৯০ মোঃ আব্দুর রশিদ গত ০১/০২/২০২৫ তারিখে অসুস্থ হয়ে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করায় এবং কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুরে কর্মরত কারারক্ষী নং ১৩১৭৭ মোঃ বেলায়েত হোসেন এর সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করায় বাংলাদেশ জেল এর পক্ষ হতে গভীর শোক প্রকাশ করা হয়।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ে সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ জেল